# আজ কিশোরগঞ্জে প্রধানমন্ত্রীর দিনব্যাপী কর্মসূচি



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রোববার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে যাচ্ছেন। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর জেলাটিতে এটি তার প্রথম সফর। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬ উপলক্ষে আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে অংশ নিতে তিনি কিশোরগঞ্জে যাবেন।

প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানিয়েছেন, রোববার সকালে সড়কপথে কিশোরগঞ্জের উদ্দেশে ঢাকা ছাড়বেন প্রধানমন্ত্রী। সফরে তিনি কটিয়াদি উপজেলার আচমিতা ইউনিয়নের জর্জ ইনস্টিটিউট মিনি স্টেডিয়ামে জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্বোধনসহ একাধিক কর্মসূচিতে অংশ নেবেন।

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাহ উদ্দিন টুকু জানান, এবারের জাতীয় মৎস্য পক্ষের প্রতিপাদ্য 'রুপালি মৎস্যে স্বনির্ভর দেশ, সবার আগে বাংলাদেশ'। কিশোরগঞ্জ থেকেই দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রীর নির্ধারিত কর্মসূচি অনুযায়ী, বেলা সাড়ে ১১টায় পাকুন্দিয়ার মির্জাপুর চেয়ারম্যান বাড়ি ঘাট এলাকায় ব্রহ্মপুত্র নদে মাছের পোনা অবমুক্ত, বিতরণ ও শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। এরপর সাড়ে ১২টায় কটিয়াদি কার্ড হ্যাচারি কমপ্লেক্স পরিদর্শন করবেন।

দুপুর ১টায় আচমিতা জর্জ ইনস্টিটিউশন মাঠে জাতীয় মৎস্য পক্ষের উদ্বোধনী অনুষ্ঠান ও জাতীয় মৎস্য পদক বিতরণ অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী। এরপর বেলা আড়াইটায় শোলাকিয়া ঈদগাহ মাঠে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করবেন।

বিকেল ৩টা ১৫ মিনিটে কিশোরগঞ্জ সার্কিট হাউসে মধ্যাহ্নভোজ শেষে বিকেল ৪টায় পুরাতন কিশোরগঞ্জ স্টেডিয়ামে ফ্যামিলি কার্ড বিতরণ এবং বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের ইমাম, মুয়াজ্জিন, পুরোহিত, ভিক্ষু ও পাদ্রিদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে অংশ নেবেন।

দিনব্যাপী কর্মসূচি শেষে বিকেলেই সড়কপথে কিশোরগঞ্জ থেকে ঢাকার উদ্দেশে রওনা হবেন প্রধানমন্ত্রী।

LENS ASIA